

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১৩৮৬

১১/ জানাযা

পরিচ্ছেদঃ মৃতের পক্ষ থেকে সাদকাহ এবং তার জন্য দু'আ করা

আরবী

وَعَنْ عَائِشَة رَضِيَ اللهُ عَنْهُا : أَنَّ رَجُلاً قَالَ لِلنَّبِيِّ عَلَيْ اللهُ عَنْهُا وَأُرَاهَا لَوْ تَكَلَّمَتْ تَصِدَّقَتْ فَهَلْ لَهَا أَجْرٌ إِنْ تَصِدَّقْتُ عَنْهَا ؟ قَالَ نَعَمْ متفقٌ عليه

বাংলা

মহান আল্লাহ বলেন,

وَالَّذِينَ جَاؤُوا مِن بَعْدِهِمْ يَقُولُونَ رَبَّنَا اغْفِرْ لَنَا وَلِإِخْوَانِنَا الَّذِينَ سَبَقُونَا بِالْإِيمَانِ

অর্থাৎ, যারা তাদের পর আগমন করে তারা বলে, হে আমাদের প্রতিপালক! আমাদেরকে এবং ঈমানে অগ্রগামী আমাদের ভ্রাতৃগণকে ক্ষমা করে দেন। (সূরা হাশর ১০)

(১৩৮৬) আয়েশা (রাযিয়াল্লাহু আনহা) হতে বর্ণিত, এক ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলল, আমার মা হঠাৎ মারা গেছে। আমার ধারণা যে, সে কথা বলার সুযোগ পেলে সাদকাহ করত। সুতরাং আমি যদি তার পক্ষ থেকে সাদকাহ করি, তাহলে কি সে নেকী পাবে? তিনি বললেন, হাাঁ।

ফুটনোট

(বুখারী ১৩৮৮, ২৭৬০, মুসলিম ২৩৭৩, ৪৩০৭-৪৩০৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন